



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

ফেডারেল নির্দেশনার অভাবের মধ্যে গভর্নর কুওমো, গভর্নর মারফি এবং গভর্নর ল্যামন্ট COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে আঞ্চলিক পন্থা অবলম্বন করার কথা ঘোষণা করেছেন

এই তিন রাজ্য বিনোদনমূলক এবং সামাজিক সমাবেশের জন্য জনসমাবেশের সক্ষমতাকে সীমিত করবে 50 জন মানুষ অবধি - যা কার্যকর হবে আজ রাত ৪টার মধ্যে

রেস্টুরেন্ট এবং বারগুলি সেখানে বসে খাবার পরিষেবা বন্ধ করে শুধু টেক-আউট এবং ডেলিভারির ব্যবস্থা কার্যকর রাখবে আজ রাত ৪টা থেকে

আজ রাত ৪টা থেকে মুভি থিয়েটার, জিম ও ক্যাসিনো সাময়িকভাবে বন্ধ থাকবে

সামাজিক দূরত্ব বৃদ্ধি COVID-19 এর সমগ্র ত্রি-রাজ্য এলাকা জুড়ে ছড়িয়ে পরার গতিকে মন্থর করবে

ফেডারেল সরকারের পক্ষ থেকে নির্দেশনা এবং দেশব্যাপী মানদণ্ডের অভাবের মাঝে নিউ ইয়র্কের গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো, নিউ জার্সির গভর্নর ফিল মারফি এবং কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্ট আজ নভেল করোনাভাইরাস বা COVID-19 এর সাথে লড়াইয়ের জন্য ত্রি-রাজ্য এলাকার সর্বত্র এক আঞ্চলিক পদ্ধতি অবলম্বন করার কথা ঘোষণা করেছেন।

এই অভিন্ন মান সামাজিক ও বিনোদনমূলক সমাবেশের জন্য জনসমাবেশের সর্বোচ্চ সক্ষমতাকে 50 জনে সীমাবদ্ধ করবে, আজ রাত ৪টা থেকে যা কার্যকর হবে। গতকাল জারি করা রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention) হালনাগাদ করা নির্দেশনা যা 50 জন বা তার বেশি মানুষ নিয়ে সশরীরে আয়োজিত ইভেন্ট বাতিল বা স্থগিত করার সুপারিশ করেছে, তার পরেই ঘোষণা করা হয়।

এই তিন গভর্নর এও ঘোষণা করেছেন যে রেস্টুরেন্ট এবং পানশালাগুলি তাদের বসে খাওয়ার ব্যবস্থা বন্ধ করে দেবেন এবং শুধু টেক-আউট ও ডেলিভারি পরিষেবা চালু রাখবেন। এসব প্রতিষ্ঠানকে অ্যালকোহল বাইরে নিয়ে যাওয়ার জন্য ছাড় প্রদান করবে। আজ রাত ৪টা থেকে এই ব্যবস্থাগুলি কার্যকর হবে।

সব শেষে তিন গভর্নর বলেন যে তারা আজ রাত ৪টায় থেকে কার্যকর, মুন্সি থিয়েটার, জিম ও ক্যাসিনো সাময়িকভাবে বন্ধ করে দেবেন।

এই সামাজিক দূরত্ব বৃদ্ধি COVID-19 এর সমগ্র ত্রি-রাজ্য এলাকা জুড়ে ছড়িয়ে পরার গতিকে মন্থর করবে।

"আমাদের প্রাথমিক লক্ষ্য এই মুহুর্তে হল ভাইরাসের বিস্তার মন্থর করা যাতে নতুন সংক্রমণের তরঙ্গ আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে বিপর্যস্ত করে না দেয়, এবং সবাই একমত যে সামাজিক দূরত্ব বৃদ্ধি তা করার সব চেয়ে ভালো উপায়," **গভর্নর কুওমো বলেন।** "এটি এমন এক যুদ্ধ নয় যা একা জেতা যায়, যে কারণে নিউ ইয়র্ক আমাদের প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে অংশিদারীত্ব করছে একটি অভিন্ন মান বাস্তবায়ন করার জন্য যা শুধু আমাদের মানুষদের নিরাপদ রাখবে তাই নয়, বরং স্টেট শপিং প্রতিরোধ করবে যেখানে এক রাজ্যের বাসিন্দারা অন্য একটি রাজ্যে যাত্রা করে এবং তদ্বিপরীত করে। দেশব্যাপী প্রোটোকল বাস্তবায়নের জন্য আমি কেন্দ্রীয় সরকারের প্রতি আহ্বান জানিয়েছি কিন্তু তাদের অনুপস্থিতিতে আমরা নিজেরা এই দায়িত্ব নিচ্ছি।"

গভর্নর মারফি বলেন, "আমাদের রাজ্যে - এবং আমাদের দেশ এবং সারা বিশ্বের বিভিন্ন প্রান্তে - আমরা যা দেখছি - এখন অবধি আমাদের সব চেয়ে শক্তিশালী, এবং সব চেয়ে সরাসরি, পদক্ষেপ নেওয়ার সময় হল এখন করোনাভাইরাসের বিস্তার মন্থর করার জন্য। গত বেশ কিছু দিন ধরে বহুবার বলেছি, আমাদের রাজ্যে আমরা এক নিউ জার্সির পরিবার হিসেবে এই খারাপ সময় পার করব। কিন্তু যদি আমরা সবাই একসাথে থাকি, তাহলে আমাদের অবশ্যই আমাদের প্রতিবেশী রাজ্যের সাথে একসাথে কাজ করতে হবে। করোনাভাইরাসের বিরুদ্ধে যে কাজ তার দায় শুধু আমাদের কয়কজনের নয়, এর দায় আমাদের সবার।"

গভর্নর নেড ল্যামন্ট বলেন, "COVID-19 এর বিস্তারের বিরুদ্ধে কার্যকরভাবে লড়াই করার একমাত্র উপায় হচ্ছে রাজ্য হিসেবে একসাথে কাজ করা। আমরা ভাগ করা স্বার্থ আছে, এবং জোড়াতালি দেওয়ার মত করে বন্ধ রাখা এবং বিধিনিষেধ আরোপ করা অগ্রসর হওয়ার জন্য শ্রেষ্ঠ পথ নয়। আমি জানি, এই সহযোগিতার কারণে আমরা প্রাণ বাঁচাব।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)